গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
টাউন প্ল্যানিং
www.udd.gov.bd

**স্মারক নম্বর:** ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৩.১৭.২

তারিখ: ২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর কমলাপুর, রাজারবাগ, মালিবাগ এবং রামপুরা পাতাল মেট্রোরেল স্টেশনের Entry-Exit, Fire Exit, Ventilation Duct নির্মানের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ঢাকা জেলাধীন মতিঝিল থানার উত্তর ব্রাক্ষণচিরণ ও দক্ষিণ শহর খিলগাঁও মৌজায়, সবুজবাগ থানার উলুন ও শহর খিলগাঁও মৌজায়, রমনা থানার সিদ্ধেশ্বরী মৌজায় এবং গুলশান থানার পশ্চিম উলুন মৌজায় মোট ১.৮৭৬৮ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১। ৩৫.০৫.০০০০.১৪৭.৩৯.০০৩.২৩-৬৭; তারিখ: ০৫ অক্টোবর ২০২৩
২। ৩৫.০৫.০০০০.১৪৭.৩৯.০০৩.২৩-৭৭; তারিখ: ১৩ নভেম্বর ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর কমলাপুর, রাজারবাগ, মালিবাগ এবং রামপুরা পাতাল মেট্রোরেল স্টেশনের Entry-Exit, Fire Exit, Ventilation Duct নির্মানের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ঢাকা জেলাধীন মতিঝিল থানার উত্তর ব্রাক্ষণচিরণ ও দক্ষিণ শহর খিলগাঁও মৌজায়, সবুজবাগ থানার উলুন ও শহর খিলগাঁও মৌজায়, রমনা থানার সিদ্ধেশ্বরী মৌজায় এবং গুলশান থানার পশ্চিম উলুন মৌজায় মোট ১.৮৭৬৮ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদানের জন্য আবেদন করেছেন। প্রত্যাশি সংস্থা অত্র দপ্তরকে মোট ১.৮৭৬৮ একর জমির তফশিল সরবরাহ করেছেন ()।

রাজউকের Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, বাড্ডা মৌজায় চাহিতব্য জমির ভূমি ব্যবহার Urban Residential Zone, Mixed Use Zone (Residential-General Industrial), Proposed Road Network & Transportation & Communication Zone হিসেবে দেখানো আছে।

সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহকৃত মৌজাম্যাপ ও প্রত্যাশী সংস্থার প্রতিনিধি কর্তৃক
**মালিবাগ স্টেশন:** মালিবাগস্থ স্টেশনের অবকাঠামো নির্মানের জন্য প্রস্তাবকৃত জমির পরিমান রমনা থানাধীন সিদ্ধেশ্বরী মৌজায় ০.১২৭৩ একর এবংসবুজবাগ থানাধীন শহরখিলগাঁও মৌজায় ০.৩৬৯৫ একর,সর্ব মোট০.৪৯৬৮ একর। প্রত্যাশিত সংস্থাকর্তৃক সরবরাহকৃত তথ্য মোতবেক তফশিল/দাগসূচি অনুযায়ী প্রস্তাবিত জমি রমনা থানাধীন সিদ্ধেশ্বরী মৌজার বি এস ৬টি এবং সবুজবাগ থানাধীন শহরখিলগাঁও মৌজার বি এস ৩টিতে অর্থাৎ মোট ০৯টি বি এস দাগে অবস্থিত। উক্ত জমি সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়,প্রস্তাবিত স্থান/জমি সমুহের মধ্য সেমিপাকা ও পাকা একতলা ও দ্বিতলা বিশিষ্ট মার্কেট, সীমানাপ্রাচীর বেষ্টিত ফাকাজমি সহ বসত বাড়িও রয়েছে।সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়, প্রস্তাবিত জমি সমুহ ব্যক্তি মালিকানাধীন। প্রস্তাবিত জমিসমুহ বানিজ্যিক-আবাসিক হিসাবে ব্যবহৃত হচ্ছে।
**রামপুরা স্টেশন:** রামপুরাস্থ স্টেশনের অবকাঠামো নির্মানের জন্য প্রস্তাবকৃত জমির পরিমান গুলশান থানার পশ্চিম উলুন মৌজায় ০.২৫১০একর এবং সবুজবাগ থানাধীন উলুন মৌজায় ০.৪১৮০ একরসহ সর্ব মোট ০.৬৬৯০একর। প্রত্যাশিত সংস্থাকর্তৃক সরবরাহকৃত তথ্য মোতবেক তফশিল/দাগসূচি অনুযায়ী প্রস্তাবিত জমি গুলশান থানাধীন পশ্চিম উলুন মৌজার বি এস ৫টি এবং সবুজবাগ থানাধীন উলুন মৌজার বি এস ১৪ টিতে অর্থাৎ মোট ১৯ টি বি এস দাগে অবস্থিত। উক্ত জমি সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়,প্রস্তাবিত স্থান/জমি সমুহের মধ্য তিনতলা বানিজ্যিক ভবন সহ সেমিপাকা ও পাকা একতলা ও দ্বিতলা বিশিষ্ট মার্কেটসহ সীমানাপ্রাচীর বেষ্টিত ফাকাজমি সহ বসত বাড়িও রয়েছে এবং একটি ছয়তলা ফাউন্ডেশন বিশিষ্ট একতলা বানিজ্যিক ভবনও রয়েছে।সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়, প্রস্তাবিত জমি সমুহ ব্যক্তি মালিকানাধীন ও আংশিক অন্নান্য বিভাগীয় জমি। প্রস্তাবিত জমি সমুহ বানিজ্যিক-আবাসিক হিসাবে ব্যবহৃত হচ্ছে।
**রাজারবাগ স্টেশন:** রাজারবাগস্থ স্টেশনের অবকাঠামো নির্মানের জন্য প্রস্তাবকৃত জমির পরিমান মতিঝিল থানার দক্ষিন শহর খিলগাঁও মৌজায় ০.৪১৬০ একর। প্রত্যাশিত সংস্থাকর্তৃক সরবরাহকৃত তথ্য মোতবেক তফশিল/দাগসূচি অনুযায়ী প্রস্তাবিত জমি মতিঝিল থানাধীন দক্ষিন শহর খিলগাঁও মৌজার বি এস ৩টি দাগে অবস্থিত। উক্ত জমি সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়,প্রস্তাবিত স্থান/জমি সমুহের মধ্য সেমিপাকা একতলা বিশিষ্ট মার্কেটসহ সীমানাপ্রাচীর বেষ্টিত ফাকাজমি রয়েছে।সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়, প্রস্তাবিত জমি সমুহ ব্যক্তি মালিকানাধীন ও অন্নান্য বিভাগীয় জমি। অন্নান্য বিভাগীয় জমির ভিতর মতিঝিল সরকারী বালক উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠরে প্রান্তও রয়েছে তবে উক্ত স্থানে কোন স্থাপনা নাই।প্রস্তাবিত জমি সমুহ বানিজ্যিক হিসাবেই ব্যবহৃত হচ্ছে।
**কমলাপুর স্টেশন:** কমলাপুরস্থ স্টেশনের অবকাঠামো নির্মানের জন্য প্রস্তাবকৃত জমির পরিমান মতিঝিল থানার ব্রাম্মন চিরন মৌজায় ০.০২৫৯ একর। প্রত্যাশিত সংস্থাকর্তৃক সরবরাহকৃত তথ্য মোতবেক তফশিল/দাগসূচি অনুযায়ী প্রস্তাবিত জমি মতিঝিল থানার ব্রাম্মনচিরন মৌজার বিএস ২টি দাগে অবস্থিত। উক্ত জমি সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়, প্রস্তাবিত স্থান/জমি সমুহের মধ্য একাট একতলা বিশিষ্ট মার্কেটসহ ফাকাজমি রয়েছে।সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়, প্রস্তাবিত জমি সমুহ ব্যক্তি মালিকানাধীন ও অন্নান্য বিভাগীয় জমি। অন্যান্য বিভাগীয় জমির ভিতর কমলাপুর কন্টেনার ডিপোর ও মেট্রো রেলের লাইন-৫ এর আংশিক জমি তবে উক্ত স্থানে কোন স্থাপনা নাই। প্রস্তাবিত জমি সমুহ বানিজ্যিক হিসাবেই ব্যবহৃত হচ্ছে।

এছাড়াও প্রস্তাবিত জমিতে মন্দির, গির্জা, স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি সহ কোন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান নাই।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর কমলাপুর, রাজারবাগ, মালিবাগ এবং রামপুরা পাতাল মেট্রোরেল স্টেশনের Entry-Exit, Fire Exit, Ventilation Duct নির্মানের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ঢাকা জেলাধীন মতিঝিল থানার উত্তর ব্রাহ্মণচিরণ ও দক্ষিণ শহর খিলগাঁও মৌজায়, সবুজবাগ থানার উলুন ও শহর খিলগাঁও মৌজায়, রমনা থানার সিদ্ধেশ্বরী মৌজায় এবং গুলশান থানার পশ্চিম উলুন মৌজায় মোট ১.৮৭৬৮ একর ভূমি বৃহত্তর জনস্বার্থে উক্ত জমি অধিগ্রহণের প্রয়োজন আছে। ফলশ্রুতিতে,নিম্ন-লিখিত শর্তসাপেক্ষে উক্ত জমি অধিগ্রহনে অত্র দপ্তরের কোন আপত্তি নাই।

**শর্তসমূহঃ**

১। চাহিতব্য ভূমিতে DAP প্রস্তাবিত Urban Residential Zone, Mixed Use Zone (Residential-General Industrial), Proposed Road Network & Transportation & Communication Zone -এ প্রচলিত আইন অনুসরণ করতে হবে।
২। প্রকল্প এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাধার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
৩। রাজউক প্রস্তাবিত রাস্তাগুলোর ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনা করে ডিজাইন করতে হবে এবং ক্ষতিগ্রস্ত রাস্তাগুলোর বিকল্প যোগাযোগ নিশ্চিত করতে হবে।
৪। Plantation এর ব্যবস্থা থাকতে হবে।
৫।সংলগ্ন সকল জায়গা সুরক্ষিত রাখতে হবে এবং প্রাকৃতিক সৌন্দর্য্যপরিবেশ রক্ষার্থে ঐ সমস্ত জায়গা Beautification এর ব্যবস্থা নিতে হবে।
৬। রিসিভিং সাব-স্টেশনের অভ্যন্তরে পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।
৭। চলমানরত Vehicle গুলো যেন জনসাধারণের চলাচলে কোনভাবে বাধাগ্রস্থ না করে তার জন্য প্রয়োজনীয় Protective Measure/Physical Barrier/Signaling System থাকতে হবে।
৮। ক্ষতিগ্রস্ত প্লট মালিকদের নিয়মমাপিক ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।
৯। Main Transport System লিংক করার ক্ষেত্রে সার্ভিস রাস্তার জন্য পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।
১০। চতুর্দিকে Noise Preventive Wall/Barrier এর ব্যবস্থা থাকতে হবে।
১১। অতি বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত Drainage এর ব্যবস্থা রাখতে হবে৷
১২। রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।
১৩। এই অনাপত্তি পত্র শুধুমাত্র সরকারি সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং ইহা মালিকাণা স্বত্ব: নির্ধারণ করে না বিধায় মালিকাণা নিয়ে কোন জটিলতা সৃষ্টি হলে এই অনাপত্তি পত্র বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তিঃ

১. সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন ।
২. তফশিলভুক্ত মোট ১.৮৭৬৮ একর জমি।
৩. রিজওনাল ম্যাপ।

০৪-০১-২০২৪
মো: মাহমুদ হোসেন
সিনিয়র প্ল্যানার
২২৩৩৫১২১৩
mahamud_planner@yahoo.com

প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল), ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) ।

**স্মারক নম্বর:** ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৩.১৭.২/১ (৯)

তারিখ: ২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
২। একান্ত সচিব (যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
৩। একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;

৪। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর;

৫। সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;

৬। সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর;

৭। প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);

৮। সহকারী প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর এবং

৯। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।

০৪-০১-২০২৪
মো: রাসেদুল ইসলাম
সহকারী প্ল্যানার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সরেজমিন পরিদর্শন প্রতিবেদন

(২) রিজিওনাল ম্যাপ

(৩) তফশিলভুক্ত মোট ১.৮৭৬৮ একর জমি